# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 MARCH 2025** **7:45—7:55 PM IST**

================================================================

১) আসাম বিধানসভার ১৫ দিনব্যাপী বাজেট অধিবেশন আজ শেষ হওয়ার পর অনির্দিষ্টকালের জন্য স্থগিত । অধিবেশনে বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল সহ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল উত্থাপন ।

২) এখন থেকে বেসরকারী ক্ষেত্রের বিদ্যালয়গুলিকে পরীক্ষা কেন্দ্রের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার বিষয়ে আসাম সরকারের সক্রিয় বিবেচনা ।

৩) আগামী পয়লা এপ্রিল থেকে প্রযোজ্য হওয়া সাধারণ গ্রাহক এবং জীবনধারা প্রকল্পের অধীন গ্রাহকদের জন্য প্রতি ইউনিট বিদ্যুৎ মাশুল ১ টাকা করে হ্রাস করতে আসাম বিদ্যুৎ নিয়ামক আয়োগের নির্দেশনা।

এবং

৪) আসন্ন ঈদ-উল-ফিতর উৎসব শান্তিপূর্ণভাবে উদযাপনের উদ্দেশ্যে কাছাড় জেলা প্রশাসনের নিরাপত্তা সংক্রান্ত পর্যালোচনা সভা ।

-----------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার ১৫ দিনব্যাপী বাজেট অধিবেশন আজ শেষ হওয়ার পর অনির্দিষ্টকালের জন্য সভা স্থগিত রাখা হয়েছে । গত ১৭ ফেব্রুয়ারী কোকরাঝারের বি টি সি বিধায়ক ভবণে রাজ্যপালের ভাষণের মাধ্যমে এই বাজেট অধিবেশন আরম্ভ হয়েছিল । এর পর ১৯ ফেব্রুয়ারী থেকে অধিবেশনের পরবর্তী কার্যসূচি দিশপুর বিধানসভা ভবনে অনুষ্ঠিত হয় । গত ১০ মার্চ অর্থমন্ত্রী অজন্তা নেওগ বিধানসভায় ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট উত্থাপন করেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে

এবারের বাজেট অধিবেশনে আসাম বেসরকারি বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল , রাজ্য বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল , আসাম কোচিং ইনষ্টিটিউট নিয়ন্ত্রণ এবং নিয়মাবলী বিল এবং তিনটি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন বিল সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল উত্থাপন করা হয় । বিধানসভার এবারের অধিবেশনে সাংসদ রকিবুল হোসেনের ওপর দুষ্কৃতিদের আক্রমন , বিধায়ক রূপজ্যোতি কুর্মীর অশোভনীয় আচরণ , বিধায়ক মনোরঞ্জন তালুকদারের বিতর্কিত অডিও বার্তা , উপাধ্যক্ষ ডাক্তার নোমল মমিনের উপর কংগ্রেস বিধায়ক নুরুল হুদার  অনৈতিকভাবে নিগ্রহের অভিযোগ ইতাদি কয়েকটি বিতর্কিত ঘটনা উত্থাপিত হয় । মুখ্যমন্ত্রী ডক্টর হিমনতবিশ্ব শর্মা গৌহাটিতে অনুষ্ঠিত এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের সফল সমাপ্তি এবং আসামে দেশী-বিদেশী বিনিয়োগকারীদের বিনিয়োগের প্রস্তাব সম্পর্কেও সভায় বিবৃতি প্রদান করেন । আসাম বিধানসভায় এবারের অধিবেশনে ভারতীয় ক্রিকেট দলের চ্যাম্পিয়ান ট্রফি লাভ এবং আসামের ছেলে দেবজিৎ শইকীয়া বি-সি-সি-আইর সচিব হিসেবে নির্বাচিত হওয়া সহ অন্যান্য কয়েকটি বিশেষ সাফল্যের জন্য অভিনন্দন প্রস্তাব গ্রহণ করা হয় । আজ অধিবেশনের সমাপ্তি ভাষনে অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী এবারের অধিবেশনের সফল সমাপ্তির জন্য বি-টি-সি কর্তৃপক্ষ , আসাম সরকার , মুখ্যমন্ত্রী সহ মন্ত্রী পরিষদের সদস্য , সরকারী কর্মচারী ও আধিকারিক এবং সংবাদ মাধ্যমের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ।

---

আসাম সরকার এখন থেকে বেসরকারি ক্ষেত্রের বিদ্যালয়গুলিকে পরীক্ষা কেন্দ্রের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে । আজ রাজ্য বিধানসভায় গত ২১শে মার্চের আসাম বিদ্যালয় শিক্ষা পর্ষদের আওতাধীন একাদশ শ্রেণীর অঙ্ক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা সম্পর্কে বিবৃতি দিয়ে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু একথা জানান । তিনি বলেন যে- গোয়ালপাড়া জেলার একটি বেসরকারি বিদ্যালয় থেকে এই প্রশ্নপত্র ফাঁস হয়েছিল । এবং আরো পনেরোটি বিদ্যালয়ে প্রশ্নপত্রের প্যাকেট পরীক্ষার আগেই খোলা হয়ে গিয়েছিল বলে নিশ্চিত তথ্য পাওয়া গেছে । এধরণের অনিয়মের ঘটনা অন্য তিনটি প্রাদেশীকৃত বিদ্যালয়েও সংঘটিত হয়েছে বলে খবর পাওয়া গেছে । শ্রী পেগু বলেন- বাতিল হওয়া পরীক্ষাগুলির দিন পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করার পরই ঘোষণা করা হবে । এবং দোষী বিদ্যালয়গুলিকে পরবর্তী শিক্ষাবর্ষে উচ্চতর মাধ্যমিক শ্রেণীতে ছাত্রভর্তি করার ক্ষেত্রে নিষেধ করে দেওয়া হয়েছে ।

বাইট

---------

এদিকে রাজ্যের চর অঞ্চল সহ এর সংশ্লিষ্ট এলাকাগুলিতে থাকা স্কুলগুলিতে শিক্ষকের অভাব সংক্রান্ত সমস্যা দূর করার জন্য মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা শিক্ষকদের অঞ্চল ভিত্তিক নিযুক্তির জন্য পদ সৃষ্টির পরামর্শ দিয়েছেন । এবং এই বিষয়ে শীঘ্র একটি সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে তিনি বিধানসভায় জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

আসাম বিদ্যুৎ নিয়ামক আয়োগ আগামী পয়লা এপ্রিল থেকে প্রযোজ্য হওয়া বিদ্যুতের নতুন মাশুল সম্পর্কে একটি নির্দেশনা জারী করেছে । এ-পি-ডি-সি-এল , আসাম বিদ্যুৎ গ্রীড কোম্পানী এবং রাজ্য ভার বিতরণ কেন্দ্রের আবেদনের ভিত্তিতে এই নতুন মাশুল নির্ধারণ করা হয়েছে । আয়োগ বিভিন্ন পক্ষের মতামত গ্রহণ করার পর সাধারণ গ্রাহক এবং জীবনধারা প্রকল্পের অধীন গ্রাহকদের জন্য প্রতি ইউনিট বিদ্যুৎ-এর মাশুল ১ টাকা করে হ্রাস করার নির্দেশ দিয়েছে । এছাড়া , অন্যান্য গ্রাহকদের জন্য প্রতি ইউনিটে ২৫ পয়সা করে বিদ্যুৎ মাশুল হ্রাস করার নির্দেশ দেওয়া হয়েছে । উল্লেখ্য যে এ-পি-ডি-সি-এল এর দাখিল করা আবেদনে ২০২৫-২৬ সালের জন্য নতুন নিরিখে সাধারণ গ্রাহকদের জন্য বিদ্যুৎ মাশুল বৃদ্ধি করার কোন প্রস্তাব দেওয়া হয় নি । আসাম বিদ্যুৎ নিয়ামক আয়োগ সাধারণ গ্রাহক , বিদ্যুতের উৎপাদন , বিতরণ এবং গ্রীডের তিনটি কোম্পানীর স্বার্থের প্রতি লক্ষ্য রেখে এই নতুন নিরিখ নির্ধারণ করেছে । এর আগে আয়োগ সংশ্লিষ্ট সব পক্ষের মতামত গ্রহণ করা ছাড়াও গত ১২ মার্চ আয়োগের কার্যালয়ে সার্বজনীন শুনানিও গ্রহণ করেছিল ।

---------------------------------------------------------------------------------

মিজোরামের মুখ্যমন্ত্রী লালডুয়মা তার মন্ত্রীসভার ৭ জন মন্ত্রীর দপ্তরের রদ-বদল করেছেন । এই অনুসারে , গৃহ মন্ত্রীর দায়িত্বে থাকা কে চাপদাংগার অধীনে থাকা দুর্যোগ মোকাবিলা এবং সহায়তা বিভাগ কর্তন করা হয়েছে । প্রতিমন্ত্রী এল ভাককে ক্রীড়া এবং যুব কল্যাণ সহ পর্যটন বিভাগেরও দ্বায়িত্ব দেওয়া হয়েছে । সি লালসয়ভুঙকে কলা-সংস্কৃতি বিভাগ , জিল পরিষদ বিভাগ এবং পশু চিকিৎসা বিভাগের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে । ভানলাললনকে জনসংযোগ এবং ছাপা ও লেখন সামগ্রী বিভাগের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

দিল্লি হাইকোর্টের বিচারপতি যশোবন্ত ভার্মার বাসগৃহ থেকে নগদ বেশ কয়েককোটি টাকা উদ্ধার হওয়ার ঘটনা সম্পর্কে রাজ্যসভার সভাপতি জগদীপ ধনকড় আজ সন্ধ্যায় রাজ্যসভার নেতাদের নিয়ে এক বৈঠক আহ্বান করেছেন । বিষয়টিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ

বলে উল্লেখ করে শ্রী ধনকড় বলেন যে- এরসঙ্গে সার্বভৌমত্ব, কর্তৃত্ব এবং দেশের সংসদের প্রাসঙ্গিকতা জড়িত রয়েছে । তিনি এক্ষেত্রে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করার জন্য মুখ্য বিচারপতির কাছে আহ্বান জানিয়েছেন । আজ সভার শূন্যকালে রাজ্যসভার সভাপতি শ্রী ধনকড় এই বিষয়ে ফলপ্রসূ আলোচনা হবে বলে আশা প্রকাশ করেছেন । বিরোধী দলের নেতা মল্লিকার্জুন খার্গে রাজ্যসভার নেতাদের সঙ্গে বৈঠক আয়োজনের ব্যাপারে সভাপতির সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন । শ্রী ধনকড় গতকাল এই সম্পর্কে বিজেপি নেতা জে পি নাড্ডা এবং শ্রী খার্গের সঙ্গেও আলোচনায় মিলিত হয়েছিলেন ।

-------------------------------------------------------------------------------------------

সিঙ্গাপুর সরকারের আমন্ত্রণে সেদেশ সফরে যাওয়া কেন্দ্রীয় বন্দর, জাহাজ পরিবহণ এবং জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ দেশটির প্রবীণ মন্ত্রী ডঃ এমি খোড়'এর সঙ্গে একযোগে সিঙ্গাপুর সামুদ্রিক সপ্তাহের অংশ হিসেবে ভারত মণ্ডপের উদ্বোধন করেছেন । এই মণ্ডপ ভারত ও সিঙ্গাপুরের ষাট বছরের কূটনৈতিক সম্পর্কের উদযাপনের মঞ্চ হিসেবে পরিগণিত হয়েছে বলে শ্রী সনোয়াল প্রকাশ করেন । আজ এই অনুষ্ঠানে অংশ নেওয়ার আগে শ্রী সনোয়াল  ভারতীয় জাহাজ পরিবহণ পঞ্জীয়কের মণ্ডপেরও উদ্বোধন করেছেন । সেদেশের সামুদ্রিক পরিবেশ সুরক্ষা এবং সংরক্ষণ ও প্রযুক্তিগত উদ্ভাবনের অগ্রগতি এই মণ্ডপে সুন্দরভাবে প্রতিফলিত হয়েছে । শ্রী সনোয়াল আজ সামুদ্রিক সপ্তাহে অংশ নেওয়ার পাশাপাশি নেদারল্যান্ডের উপ-মন্ত্রী ব্রিডজিৎ গিসবার্সের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন । এই বৈঠকে উভয় নেতা দুই দেশের জলপথ এবং স্মার্ট বন্দর উন্নয়ন, সবুজ জাহাজ পরিবহণ ও জাহাজ চলাচলের গুরুত্বপূর্ণ বিষয় সমূহ নিয়ে আলোচনা করেন । তিনি আজ সিঙ্গাপুরের প্রমোদ তরী কেন্দ্রটিও পরিদর্শন করেন । ভারতে এধরণের প্রমোদ তরী পর্যটনের বিকাশের জন্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলেও শ্রী সনোয়াল প্রকাশ করেন ।

-------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আসন্ন ঈদ-উল-ফিতর উৎসব শান্তিপূর্ণভাবে উদযাপনের উদ্দেশ্যে জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত অন্তরা সেনের পৌরহিত্যে আয়োজিত সভায় উৎসবের সময় সম্প্রীতি ,সমন্বয় ও নিরাপত্তার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। সভায় জেলার গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল এলাকায় পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে এবং বেপরোয়া মোটর সাইকেল চালানো ও হেলমেট বিহীন চলাচলের কারণে ঘটে যাওয়া দুর্ঘটনা প্রতিরোধে ট্রাফিক পুলিশকে কঠোর ব্যবস্থা নিতে নির্দেশ

দেওয়া হয়েছে । উৎসবের সময় নিত্য প্রয়োজনীয় সামগ্রীর সরবরাহ যাতে ব্যহত না হয় , তা নিশ্চিত করতে খাদ্য, অসামরিক সরবরাহ ও গ্রাহক পরিক্রমা বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে । একই সঙ্গে শিলচরের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগকে উৎসবের সময় জল সরবরাহ অব্যাহত রাখার নির্দেশ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

উধারবন্দের কাছে কলারতলে গত রাতে এক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের তিনজন গুরুতর আহত সহ মোট ৬ জন আহত হয়েছেন। গতজাক রাতে ৮ ট নাগাদ কলারতল এলাকায় মহাসড়কে এই দুর্ঘটনা সংঘটিত হয়েছে। স্থানীয় লোকেরা আহতদের উদ্ধার করে শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠায়।

-----------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে আজ লালার টান্টু বিলগাও এলাকায় আসন্ন ঈদ-উল ফিতর উপলক্ষে শতাধিক দুস্থ জনসাধারণের মধ্যে লুঙ্গি ও শাড়ি বিতরণ করা হয়েছে । ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত এই বস্ত্র বিতরণী অনুষ্ঠানে সংগঠনটির সদস্য- ইকবাল বাহার মজুমদার , মনোয়ার হোসেন চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির অনুসূচিত জাতি মোর্চার কাছাড় জেলা শাখার পক্ষ থেকে আজ শিলচরে আসাম বিধানসভায় উপাধ্যক্ষ ডক্টর নোমাল মুমিনের উপর আক্রমণের অভিযোগ করে এর প্রতিবাদে বিক্ষোভ কার্যসূচী পালন করা হয়েছে । বিজেপির দলীয় কার্যালয় থেকে এক প্রতিবাদ র‍্যালি শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে পরে শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশে গিয়ে শেষ হয় । প্রতিবাদ কার্যসূচীতে ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা সভাপতি রূপম সাহা সহ অন্যান্যরা এই ঘটনায় অভিযুক্ত কংগ্রেস বিধায়ক নরুল হুদাকে তার বিধানসভার সদস্যপদ থেকে বহিষ্কার করার দাবী জানিয়ে বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার উপাধ্যক্ষ ডাঃ নোমল মুমিনের উপর কংগ্রেস দলের বিধায়কদের আক্রমণের অভিযোগের ভিত্তিতে বিজেপি'র রাজ্য সভাপতি দিলীপ শইকিয়ার নির্দেশ অনুসারে আজ শ্রীভূমি জেলায়ও প্রতিবাদ কার্যসূচী পালন করা হয়েছে । বিজেপি'র শ্রীভূমি জেলার অনুসূচিত জনজাতি মোর্চার উদ্যোগে শ্রীভূমি শহরের এস পি অফিসের

কাছে এই ধর্ণা কার্যসূচী পালন করা হয়েছে । তারা কংগ্রেস দলের বিধায়ক নুরুল হুদার গ্রেপ্তারের জানিয়ে জেলার অতিরিক্ত আয়ুক্তের মাধ্যমে রাজ্য বিধানসভার অধ্যক্ষের উদ্দেশ্যে একটি স্মারকলিপি পাঠিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- জেলায় খাদ্য সুরক্ষা যোজনার এপ্রিল মাসের চাল বরাদ্দ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে অন্তোদয় অন্ন যোজনার কার্ডধারীদের জন্য ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বন্টন করা হবে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে এপ্রিল মাসে ১০ তারিখের মধ্যে অন্ন সেবার দিনগুলিতে ই-পস মেশিনের মাধ্যমে বন্টন করতে হবে ।

---------------------------------------------------------------------------------------